# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

## সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　　　　　মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ★ নীলগঞ্জ ইউনিয়নের চেয়ারম্যান সুশাসনের কথা বলে ইউনিয়নকে পূর্ব-পশ্চিম দু'ভাগে বিভক্ত করেন। এতে এক অংশ সন্তুষ্ট হয়। কিন্তু অন্য অংশ অসন্তুষ্ট হয় এবং এর বিরুদ্ধে আন্দোলন শুরু করে। ফলে বাধ্য হয়ে দু'অংশকে আবার এক করা হয়।

ক. পলাশীর যুদ্ধ কত সালে হয়? ১

খ. ওয়েস্টফালিয়ার চুক্তি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে বাংলার ইতিহাসের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'উক্ত ঘটনার মাধ্যমে তৎকালীন হিন্দু-মুসলিম সম্প্রদায়ের দ্বন্দ্ব স্পষ্ট হয়ে উঠে' —বক্তব্যটি মূল্যায়ন করো। ৪

২. ★ A-১ম ধাপ　　　B-২য় ধাপ　　　C-৩য় ধাপ

৭-৩-১৯৭ →　　　২৬-৩-১৯৭১　　　→১৬-১২-১৯৭১

ক. মুজিবনগর সরকারের শপথবাক্য পাঠ করান কে? ১

খ. যৌথ কমান্ড কেন গঠিত হয়েছিল? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে A ধাপ ইতিহাসের কোন ঘটনাকে নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে C- ধাপটি হলো A ও B এর ফলাফল— তোমার মতামত দাও। ৪

৩. ★ আফরিনা আমেরিকায় বসবাসরত বোনকে ঈদে উপহার পাঠানোর জন্য বাণিজ্য মেলা থেকে শাড়ি ও নকশিকাঁথা কিনল। আসার সময় সে এক সাংস্কৃতিক অনুষ্ঠানে মুর্শিদি ও পালাগান শুনে মুগ্ধ হয়।

ক. বাংলা গদ্যের সূচনা হয় কখন? ১

খ. কা-আ- তরুবর পাঞ্চ বি ডাল
চঞ্চল চীএ পইঠা কাল।
এর ভাবার্থ ব্যাখ্যা করো। ২

Teachingbd24.com

গ. আফরিনার ক্রয়কৃত জিনিসগুলো কোন শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'বাংলা চিরকালই সংগীতের দেশ'-উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৪.▶ রায়হান সাহেব দীর্ঘদিন পর মালয়েশিয়া থেকে গ্রামে ফিরে আসেন। তিনি লক্ষ করেন গ্রামের কিশোররা স্কুল কলেজে না গিয়ে অলস সময় কাটায়। তিনি এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সহায়তায় এলাকায় বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ ও কর্মসংস্থানের ব্যবস্থা করেন।

ক. ২০১০ সালে বাংলাদেশের জনসংখ্যা কত ছিল? ১
খ. 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পটি কী উদ্দেশ্য নেওয়া হয়েছে? ব্যাখ্যা করো। ২
গ. রায়হান সাহেবের নেওয়া উদ্যোগ দেশে যে ধরনের সম্পদ সৃষ্টিতে সহায়ক তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত উন্নয়ন সূচক অনুযায়ী বাংলাদেশের অবস্থান বিশ্লেষণ করো। ৪

৫. ★ জনাব 'ক' রাষ্ট্রের একটি বিভাগের দায়িত্বরত আছেন, যা আইন প্রণয়নে ভূমিকা রাখে। জনাব 'খ' যে বিভাগের দায়িত্বে নিয়োজিত তা আইনের বাস্তবায়ন করে।

ক. বাংলাদেশের সংবিধান এ পর্যন্ত কতবার সংশোধিত হয়েছে? ১
খ. সংবিধানকে রাষ্ট্র পরিচালনার মূল দলিল বলার কারণ ব্যাখ্যা করো। ২
গ. জনাব 'ক' যে বিভাগে দায়িত্বরত তার গঠন ব্যাখ্যা করো। ৩
ঘ. দেশ পরিচালনায় জনাব 'খ' যে বিভাগে দায়িত্বরত তার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৬.▶ হারুন মিঞা উত্তরাঞ্চলের বাসিন্দা। দীর্ঘদিন বৃষ্টি না হওয়ায় পানির অভাবে এ বছর কোনো ফসল ফলাতে পারেননি। অপরদিকে নদীপাড়ের বাসিন্দা সুরুজ মিঞার জমি, বাড়ি একটি দুর্যোগে নদীগর্ভে তলিয়ে যায়। দুজনেই অভাবের তাড়নায় শহরে এসে দিনমজুরের কাজ নেয়।

ক. ভূ-পৃষ্ঠ থেকে বায়ুমণ্ডলের নিকটবর্তী স্তর কোনটি? ১
খ. মানবসৃষ্ট দুর্যোগ বলতে কী বোঝ? ২

Teachingbd24.com

গ. হারুন মিঞার অঞ্চলের সৃষ্ট দুর্যোগটি ব্যাখ্যা করো। ৩

ঘ. পূর্ব প্রস্তুতি থাকলে সুরুজ মিঞার এলাকার দুর্যোগটির মোকাবিলা করা সম্ভব ছিল— বিশ্লেষণ করো। ৪

৭. ▶ বাংলাদেশে জনসংখ্যা নিয়ন্ত্রণে গৃহীত পদক্ষেপ:

| | |
|---|---|
| ছক-A | নিরক্ষরতা দূরীকরণ, নারী শিক্ষার প্রসার। |
| ছক-B | কমিউনিটি ভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্প, বাল্য বিবাহ রোধ, ধর্মীয় নেতাদের উদ্বুদ্ধকরণ কর্মসূচি। |

ক. ২০১০ সালে বাংলাদেশ কোন ক্ষেত্রে সাফল্যের জন্য জাতিসংঘ পুরস্কার লাভ করেছে? ১

খ. জনসংখ্যা নীতি বলতে কী বোঝ? ২

গ. জনসংখ্যা নিয়ন্ত্রণে ছক A কোন ধরনের উদ্যোগ? ব্যাখ্যা করো। ৩

ঘ. B ছকের উদ্যোগগুলো কার্যকরের মাধ্যমে বাংলাদেশের জনসংখ্যা নিয়ন্ত্রণ অনেকাংশে সম্ভব- তোমার মতামত দাও। ৪

৮. ★ ৯ম শ্রেণির ছাত্র রনি। ইদানিং তার পড়াশোনায় মনোযোগ নেই, হতাশাগ্রস্ত থাকে। নানা অজুহাতে টাকার জন্য মা-বাবার সাথে অশোভন আচরণ করে। না পেলে বাসার জিনিসপত্র ভাংচুর করে। তার আচরণে অতীষ্ট হয়ে বাবা তাকে আইনের হাতে তুলে দেন।

ক. বাংলাদেশে কিশোর অপরাধীর বয়সসীমা কত? ১

খ. কিশোর অপরাধ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে রনির কর্মকাণ্ড যে সমস্যার ইঙ্গিত করছে তার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. রনির বাবার গৃহীত ব্যবস্থাটি এ সমস্যা সমাধানের সঠিক উপায় বলে কি তুমি মনে কর? মতামত দাও। ৪

৯. ▶ শিল্প:

A- আশির দশকে যাত্রা শুরু → বেশিরভাগ শ্রমিক নারী → উৎপাদিত পণ্য রপ্তানি।

B- সম্ভাবনাময় শিল্প → আমদানি হ্রাস → সরকারি বেসরকারি উদ্যোগ।

ক. বাংলাদেশের বনভূমির আয়তন কত বর্গকিলোমিটার? ১

খ. জীববৈচিত্র্য বলতে কী বোঝ? ২

Teachingbd24.com

গ. উদ্দীপকে A- শিল্পটির ব্যাখ্যা দাও। ৩

ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে A ও B শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

১০. বশির সাহেব তার নাতিদের পরিবর্তন দেখে বিস্মিত হন। তার নাতি ফেসবুকে বন্ধুদের সাথে ঘরে বসেই যোগাযোগ করে। ইন্টারনেট থেকে গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করে। তার ছেলে অনলাইনে বিদেশ থেকে টাকা পাঠায়। বাড়ির অন্য সদস্যদের জীবনযাপনেও প্রযুক্তির পরিবর্তন লক্ষ করা যায়।


ক. সংস্কৃতি কী? ১

খ. টেরাকোটা বলতে কী বোঝ? ২

গ. বশির সাহেবের পরিবারে কী ধরনের পরিবর্তন লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের পরিবর্তনগুলো সমাজ পরিবর্তনে ইতিবাচক ভূমিকা পারন করছে— তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১.




ক. এককেন্দ্রিক সরকার কাকে বলে? ১

খ. গণতান্ত্রিক সরকার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে A-এর গঠন ব্যাখ্যা করো। ৩

ঘ. শহরাঞ্চলের উন্নয়নে B-এর ভূমিকা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. বাংলায় স্বাধীন সুলতানি যুগের প্রতিষ্ঠা করেন কে?
ক) ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বখতিয়ার খলজি
খ) ফখরুদ্দিন মোবারক শাহ্
গ) নবাব আলীবর্দী খাঁ
ঘ) নবাব সিরাজউদ্দৌলা

২. ইউরোপে বাণিজ্য বিপ্লবের সূচনা হয় কত শতক থেকে?
ক) ১২ শ খ) ১৩ শ
গ) ১৪ শ ঘ) ১৫ শ

৩. ★ ১৮৫৭ সালে প্রতিষ্ঠিত হয় কোনটি?
ক) কলকাতা মাদ্রাসা
খ) সংস্কৃত কলেজ
গ) ফোর্ট উইলিয়াম কলেজ
ঘ) কলকাতা বিশ্ববিদ্যালয়

৪. মুজিবনগর সরকারের প্রধান কে ছিলেন?
ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ) সৈয়দ নজরুল ইসলাম
গ) তাজউদ্দীন আহমদ
ঘ) এম মনসুর আলী

৫. ★ মুক্তিযুদ্ধের সময় সাক্ষাৎ যমদূত ছিল কারা?
ক) শান্তি কমিটি খ) রাজাকার
গ) আলবদর ঘ) আল-শামস

৬. ★ ১৯৭১ সালে ২৫ মার্চ বঙ্গবন্ধুর জাতীয় পরিষদের অধিবেশনে যোগদানের ব্যাপারে পূর্বশর্তগুলো হলো—
i. সামরিক আইন প্রত্যাহার
ii. সৈনিকদের বেতন বৃদ্ধি
iii. সেনাবাহিনীর গণহত্যার তদন্ত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
মুক্তিযুদ্ধের প্রথম দিকে একটি দেশ অস্ত্র ও সমর্থন দিয়ে পাকিস্তানকে সহায়তা করে। তবে নিজ দেশের বিরোধী দলের চাপের মুখে উক্ত দেশের সরকার ভারতে অবস্থানরত বাঙালি শরণার্থীদের আর্থিক সহায়তা দিয়েছিল।

৭. উদ্দীপকে কোন দেশটির কথা বলা হয়েছে?
ক) সৌদি আরব খ) আমেরিকা যুক্তরাষ্ট্র
গ) রাশিয়া ঘ) ফ্রান্স

৮. মুক্তিযুদ্ধকালীন উক্ত দেশের সরকারের কার্যক্রম হলো—
i. পাকিস্তান ঘেষা নীতি অনুসরণ করা
ii. ভারত মহাসাগরে ৭ম নৌবহর পাঠানো
iii. মুক্তিযুদ্ধকে বাধাগ্রস্ত করতে জাতিসংঘে কূটনৈতিক প্রচেষ্টা চালানো
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৯. পর্তুগিজ শব্দ 'আনারস' বাংলা ভাষায় মিশে গেছে। এটিকে বলে—
ক) সাংস্কৃতায়ন
খ) সাংস্কৃতিক ব্যাপ্তি
গ) সাংস্কৃতিক আত্তীকরণ
ঘ) সাংস্কৃতিক আদর্শ

১০. 'পদ্মাবতী' রচনা করেন কে?
ক) আলাওল খ) ভারতচন্দ্র
গ) বিজয়গুপ্ত
ঘ) মীর মোশাররফ হোসেন

১১. ২০০৯ সালে বাংলাদেশে সাক্ষরতার হার কত ছিল?
ক) ৪৫.৮ খ) ৪৮.৮
গ) ৫০.৪ ঘ) ৫৪.৮

১২. বাংলাদেশের মোট জাতীয় উৎপাদনে এককভাবে কোন খাতের অবদান সর্বাধিক?
ক) কৃষি খ) শিল্প
গ) যোগাযোগ ঘ) ব্যবসা-বাণিজ্য

১৩. ★ একটি দেশ কতটা উন্নত বা অনুন্নত তা বিচারের মানদণ্ডগুলো হলো—
i. মোট জাতীয় উৎপাদন
ii. জনগণের মাথাপিছু আয়
iii. জীবনযাত্রার মান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. ★ বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির সভাপতি কে ছিলেন?
ক) সৈয়দ নজরুল ইসলাম
খ) ড. কামাল হোসেন
গ) মোজাফফর আহমদ
ঘ) মণি সিংহ

১৫. রাষ্ট্রের মূল চালিকাশক্তি কোনটি?
ক) জনগণ খ) ভূ-খণ্ড
গ) সরকার ঘ) সার্বভৌমত্ব

https://teachingbd24.com

১৬. বাংলাদেশ সরকার ব্যবস্থার বৈশিষ্ট্য হচ্ছে—
i. মন্ত্রিপরিষদ শাসিত সরকার
ii. গণতান্ত্রিক সরকার
iii. যুক্তরাষ্ট্রীয় সরকার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৭. কোন দুর্যোগটি থেমে যাবার পরপরই আশ্রয় কেন্দ্র ছেড়ে যেতে নেই?
ⓚ ঘূর্ণিঝড় ⓚ বন্যা
ⓖ ভূমিকম্প ⓖ নদীভাঙন

১৮. ★ বাংলাদেশের কোন অঞ্চলে মরুকরণের লক্ষণ দেখা যাচ্ছে?
(ক) উত্তরাঞ্চল (খ) দক্ষিণাঞ্চল
(গ) পূর্বাঞ্চল (ঘ) পশ্চিমাঞ্চল

১৯. বাংলাদেশে বৈশ্বিক উষ্ণায়নের ফলে—
i. সুন্দরবনের জীববৈচিত্র্য ধ্বংস হচ্ছে
ii. জমির উর্বরতা শক্তি বৃদ্ধি পাচ্ছে
iii. ক্যান্সার, চর্মরোগসহ নানা রোগের প্রাদুর্ভাব ঘটছে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২০. জনসংখ্যা নিয়ন্ত্রণের বেসরকারি উদ্যোগ কোনটি?
(ক) নিরক্ষরতা দূরীকরণ
(খ) নারী শিক্ষার প্রসার
(গ) বিয়ে রেজিস্ট্রেশন
(ঘ) বাল্যবিবাহ রোধে উদ্বুদ্ধকরণ

২১. বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে?
(ক) ৩৫ (খ) ৮৫
(গ) ১২০০ (ঘ) ১২৩৭

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:
জনসংখ্যা বিষয়ক একটি সেমিনারে বক্তারা বলেন, দেশের আর্থ-সামাজিক অবস্থার সাথে সামঞ্জস্য রেখে জনসংখ্যা বিষয়ে জাতীয় পর্যায়ে পরিকল্পনা গ্রহণ করা উচিত। তাহলে নাগরিকদের জীবনমানের উন্নতি ঘটবে।

২২. ★ উদ্দীপকে কোন নীতির কথা বলা হয়েছে?
(ক) জনসংখ্যা নীতি
(খ) পরিবার পরিকল্পনা নীতি
(গ) স্বাস্থ্যসেবা নীতি
(ঘ) সামাজিক উন্নয়ন নীতি

২৩. উক্ত নীতির উদ্দেশ্য হলো—
i. পরিবার পরিকল্পনা কর্মসূচি ও স্বাস্থ্যসেবা জোরদার করা
ii. শিশু ও নারীর অপুষ্টির হার কমিয়ে আনা
iii. আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. বাংলাদেশে কিশোর অপরাধের অন্যতম প্রধান কারণ কোনটি?
(ক) দারিদ্র্য
(খ) চিত্তবিনোদনের অভাব
(গ) শিক্ষার অভাব (ঘ) অসৎ সঙ্গ

২৫. শারীরিক ও মানসিক ত্রুটি কীসের জন্ম দেয়?
(ক) স্বার্থপরতা (খ) হীনমন্যতা
(গ) নিঃসঙ্গতা (ঘ) আত্মকেন্দ্রিকতা

২৬. বাংলাদেশের মূল্যবান প্রাকৃতিক সম্পদ কোনটি?
(ক) মাটি (খ) নদ-নদী
(গ) খনিজ (ঘ) বনজ

২৭. ★ বাংলাদেশের কোন অঞ্চলে প্রচুর চা উৎপাদিত হয়?
(ক) পার্বত্য চট্টগ্রাম (খ) দিনাজপুর
(গ) পঞ্চগড় (ঘ) সিলেট

২৮. 'সাদা সোনা' কোনটি?
(ক) পাট (খ) সিমেন্ট
(গ) সার (ঘ) চিংড়ি

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
সোহানা শিক্ষাসফরে সিলেটের ছাতকে যায়। সেখানে তারা একটি কারখানা পরিদর্শন করে যেটি প্রতিষ্ঠিত হয় ১৯৪০ সালে।

২৯. সোহানা কোন কারখানা পরিদর্শন করে?
(ক) সার (খ) সিমেন্ট
(গ) চা (ঘ) কাগজ

৩০. এ শিল্পের কাঁচামাল হলো—
i. প্রাকৃতিক গ্যাস
ii. চুনাপাথর
iii. কয়লা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd24.com